

No. F. 2(374)-DHE/UDCA/2019
Government of Tripura
Directorate of Higher Education
Shiksha Bhawan, Office Lane, Agartala
Dated, Agartala, the 31/05/2019

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিগত ২৬/০৫/২০১৯-ইং এবং ২৭/০৫/২০১৯-ইং তারিখে রাজ্যের দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ত্রিপুরার সরকারী সাধারণ ডিগ্রি কলেজে ভর্তি হতে ইচ্ছুক উচ্চমাধ্যমিক(১০+২) অথবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, কলেজে ভর্তি সংক্রান্ত প্রক্রিয়া মেধা অনুসারে এবং সংরক্ষিত ক্যাটাগরীর ছাত্র-ছাত্রীদের ত্রিপুরা সরকারের Reservation Policy অনুসারে করানো হবে। ছাত্র-ছাত্রীরা ভর্তির ফর্ম www.highereducation.tripura.gov.in থেকে download করেও সংশ্লিষ্ট কলেজে জমা করতে পারবে।

উচ্চশিক্ষা দপ্তর
আগরতলা, ত্রিপুরা(প)

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরার সাধারণ ডিগ্রী কলেজে ভর্তি হতে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক (১০+২)/সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো হচ্ছে যে, নিম্নোক্ত নির্ধারিত অনুসারে ত্রিপুরার সকল সাধারণ ডিগ্রী কলেজে ২০১৯-২০ ইং শিক্ষা বর্ষে বিভিন্ন অনার্স এবং জেনারেল কোর্সে বি এ/বি এস সি/বি কম প্রথম বর্ষে প্রথম সেমিস্টার এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সূচী অনুযায়ী (কলেজ ছুটির দিন ব্যতীত সকাল ১১টা হইতে বিকাল ৩টা পর্যন্ত) ভর্তির দরখাস্ত সংগ্রহ এবং অন্যান্য নিয়মাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

১) ভর্তির দরখাস্ত বিতরণ ও পূরণ করা ১) দরখাস্ত জমার তারিখ	:	২৮-০৫-২০১৯ ইং হইতে ১৫-০৬-২০১৯ ইং
২) কলেজ কর্তৃক দরখাস্ত পরীক্ষার তারিখ	:	১৭-০৬-২০১৯ ইং হইতে ২০-০৬-২০১৯ ইং
৩) মেধা অনুসারে নির্বাচিত এবং অপেক্ষামান ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশের তারিখ	:	২৪-০৬-২০১৯ ইং
৪) ভর্তির তারিখ	:	২৬-০৬-২০১৯ ইং হইতে ০১-০৭-২০১৯ ইং ১) কলেজ কর্তৃক (বিজ্ঞাপিত) নির্ধারিত ভর্তির সূচী অনুসারে ভর্তি হবে এবং ২) ২৬-০৬-২০১৯ ইং হইতে ২৮-০৬-২০১৯ ইং (কনফার্ম লিস্ট এর ছাত্র-ছাত্রীদের জন্য)।
৫) ক্লাশ শুরু হবে	:	০৮-০৭-২০১৯ ইং

বিশেষ দ্রষ্টব্য :-

- ১) একজন ছাত্র বা ছাত্রী একাধিক কলেজে দরখাস্ত জমা দিতে এবং নির্বাচিত হতে পারে, কিন্তু সে একটি কলেজেই ভর্তি হতে পারবে।
- ২) ভর্তির ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত (বিজ্ঞপ্তি) সুনির্দিষ্ট সূচী অনুসারে ভর্তি নেওয়া হবে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের অবশ্যই সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে সময়মত পদক্ষেপ নিতে হবে।
- ৩) কলেজ কর্তৃক কনফার্মড লিস্ট জানিয়ে দেওয়া হবে। সেই অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হবে।
- ৪) অনার্স এর আবেদনের ক্ষেত্রে দুইটির বেশী বিষয়ে অগ্রাধিকার (প্রেফারেন্স) দেওয়া যাবে না।
- ৫) এই বছর ছাত্র-ছাত্রীদের Online এ দরখাস্ত জমা করার প্রয়োজন নাই।
- ৬) ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই Original School Leaving Certificate জমা দিতে হবে।